১৪/১০/২০০১

দৈনিক সংবাদ

তারিখ
পৃষ্ঠা কলাম

# নয়া শিক্ষামন্ত্রীর সাথে শিক্ষক প্রতিনিধি দলের সাক্ষাৎ

নতুন শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, ছাত্রছাত্রীদেরকে এমন যুগোপযোগী শিক্ষা ও প্রশিক্ষণ দিতে হবে যা তাদের কর্মসংস্থান নিশ্চিত করতে এবং বেকার সমস্যা সমাধানে সহায়ক হয়। একই সাথে প্রাথমিক থেকে সকল স্তরে শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে। সেজন্য তিনি শিক্ষকদের সহযোগিতা চান। বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি ও বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের নেতৃত্বে একটি শিক্ষক প্রতিনিধি দল গত শুক্রবার সকালে তার বাসভবনে সাক্ষাৎ করে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে বিষয়ভিত্তিক শিক্ষক প্রশিক্ষণ, স্কুল-কলেজে নিয়মিত ও আকস্মিক অ্যাকাডেমিক পরিদর্শনের কর্মসূচি গ্রহণ, শিক্ষা-প্রতিষ্ঠানসমূহ সন্ত্রাস ও দলীয় রাজনীতি মুক্তকরণ এবং ইউনেস্কো-আইএলও সুপারিশমালা মোতাবেক শিক্ষকদের পেশাগত মর্যাদা সংরক্ষণ ও সমুন্নতকরণ প্রসঙ্গে কতিপয় প্রস্তাব তুলে ধরলে তিনি উপরোক্ত অভিমত ব্যক্ত করেন। ফেডারেশনের নেতৃবৃন্দ নির্দলীয় ও পেশাগত সাংগঠনিক অবস্থান থেকে নতুন শিক্ষামন্ত্রীকে শিক্ষার উন্নয়নে সম্ভাব্য সার্বিক সহযোগিতার প্রতিশ্রুতি দেন।

সরকারি-বেসরকারি স্কুল ও কলেজ শিক্ষকদের জাতীয় পর্যায়ের ৪টি সংগঠন সমন্বয়ে গঠিত বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিনিধিদলে ছিলেন : বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান, বাংলাদেশ শিক্ষক সমিতি সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক ও বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব জি. এন. আর বাশার। সংবাদ বিজ্ঞপ্তি।